

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৮১

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১৪. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর ওফাত সম্পর্কে

باب في وفاة النبي صلى الله عليه وسلم

আরবী

أَخْبَرَنَا الْحَكَمُ بْنُ الْمُبَارَكِ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ، عَنْ ابْنِ إِسْحَاقَ، عَنْ يَعْقُوبَ بْنِ عُتْبَةَ، عَنْ ابْنِ شِهَابٍ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ، عَنْ عَائِشَةَ قَالَتْ: رَجَعَ إِلَيَّ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ يَوْمٍ مِنْ جِنَازَةٍ مِنَ الْبَقِيعِ، فَوَجَدَنِي وَأَنَا أَجْدُ صُدَاعًا وَأَنَا أَقُولُ: «وَأَرْأَسَاهُ»، قَالَ: «بَلْ أَنَا يَا عَائِشَةُ وَأَرْأَسَاهُ»، قَالَ: «وَمَا ضَرَّكَ لَوْ مُتَّ قَبْلِي فَغَسَّلْتُكَ وَكَفَّنْتُكَ وَصَلَّيْتُ عَلَيْكَ وَدَفَنْتُكَ؟»، فَقُلْتُ: لَكَأَنِّي بِكَ وَاللَّهِ لَوْ فَعَلْتَ ذَلِكَ لَرَجَعْتُ إِلَى بَيْتِي فَأَعْرَسْتُ فِيهِ بِبَعْضِ نِسَائِكَ، قَالَتْ: فَتَبَسَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، ثُمَّ بُدِيَ فِي وَجَعِهِ الَّذِي مَاتَ فِيهِ

رجاله ثقات غير أن ابن إسحاق مدلس وقد عنعن ولكنه صرح بالتحديث في رواية البيهقي فانتفت شبه التدليس

বাংলা

৮১. আয়েশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একদিন বাকী' কবরস্থানের একটি জানাযা থেকে আমার নিকট ফিরে আসলেন। তিনি এসে আমাকে মাথাব্যথায় কাতর অবস্থায় পেলেন, আর আমি বলছিলাম, হে আমার মাথা! তিনি (তা শুনে) বললেন: 'হে আয়েশা, আমিও (মাথাব্যথায় আক্রান্ত)। হে আমার মাথা।' তারপর তিনি বললেন: 'তুমি যদি আমার আগে মৃত্যুবরণ কর, তাহলে তোমার স্মৃতি কী? আমি তোমাকে গোসল দেব, কাফন পরাব, তোমার জন্য জানাযার সালাত আদায় করব এবং তোমাকে দাফন করব।' তখন আমি বললাম, আল্লাহর কসম, আমি যেন আপনাকে দেখতে পাচ্ছি, আপনি এসব কাজ সম্পন্ন করে আমার ঘরে ফিরে এসে আপনার কোন স্ত্রীর সাথে বাসর যাপন করছেন। তিনি বলেন: একথা শুনে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মুচকি হাসলেন। তারপরই তার সেই (অসুখের) যন্ত্রণা শুরু হল, যে অসুখে তিনি

মৃত্যুবরণ করেন।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর রাবীগণ বিশ্বস্ত ইবনু ইসহাক ব্যতীত, তিনি মুদাল্লিস (শাইখ নাম গোপন করে হাদীস বর্ণনা করেন যিনি)। তবে আবু ইয়ালা এটি হাসান সনদে বর্ণনা করেছেন। বৃসীরী (মিছবাহুয যুজাজাহ, ১/৪৭৫) বলেন, এর সনদের রাবীগণ বিশ্বস্ত। অনুরূপ হাদীস সহীহ বুখারীতে রয়েছে (৫৬৬৬, ৭২১৭)।

তাখরীজ: আহমদ ৬/২২৮; ইবনু মাজাহ ১৪৬৫; দারুতুত্বনী ২/৭৪ নং ১১, ১২, ১৩; বাইহাকী ৩/৩৯৬; আবু ইয়ালা, আল মুসনাদ ৪৫৭৯; ইবনু হিব্বান ৬৫৮৬; আরও দেখুন, সহীহ বুখারী (৫৬৬৬, ৭২১৭)।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69392>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন